

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২০৪

আগরতলা, ১৭ নভেম্বর, ২০২০

এন আই টি আগরতলায় ই-সমাবর্তন

এন আই টি আগরতলার ত্রয়োদশ ভার্চুয়াল ই-সমাবর্তন আজ অনুষ্ঠিত হয়। উপরাষ্ট্রপতি এম ভেঙ্কাইয়া নাইডু ই-সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন। অধ্যাপক গৌতম ভেমুরী সম্মানীয় অতিথি হিসেবে সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। জয়েন্ডে ক্যাপিটেল সার্ভিস ও মুখা ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর চেয়ারম্যান অনিল মুখা সম্মানীয় অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এন আই টি আগরতলার বোর্ড অফ গভর্নরস এর চেয়ারম্যান সুভাষ চন্দ্র সাহি সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। প্রতিষ্ঠানের অধিকর্তা অধ্যাপক হরিশ কুমার শর্মা সমাবর্তন অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের শংসাপত্র প্রদান করেন।

সমাবর্তন অনুষ্ঠানে ২৪জন পি এইচ ডি, ১৮১জন এম টেক, ১৪জন এম বি এ, ২৪জন এম এস সি, ২০জন এম সি এ, ২৫জন বি এস এম এস, ৬জন বি টি এম টি, ৫৩৪জন বি টেক, ২০জন বি এস এবং ৯জন বি টি ছাত্রছাত্রীদের শংসাপত্র প্রদান করা হয়। এন আই টি আগরতলার ত্রয়োদশ ভার্চুয়াল ই-সমাবর্তনে সর্বমোট ৮৫৭জন ছাত্রছাত্রীকে ডিগ্রী (শংসাপত্র) প্রদান করা হয়।

সমাবর্তন অনুষ্ঠানে ২৫জন ছাত্রছাত্রীকে স্বর্ণপদক প্রদান করা হয়। এদের মধ্যে স্নাতকস্তরে বিভিন্ন শাখায় প্রথম স্থানাধিকারী ৭ জনকে, ডুয়েল ডিগ্রীস্তরে (বি এস এম এস এবং বি টি এম টি) বিভিন্ন শাখায় প্রথম স্থানাধিকারী ৩জনকে এবং স্নাতকোত্তরস্তরে বিভিন্ন শাখায় প্রথম স্থানাধিকারী ১১ জনকে স্বর্ণপদক প্রদান করা হয়। স্নাতকস্তর, ডুয়েল ডিগ্রীস্তর এবং স্নাতকোত্তরস্তর হতে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের প্রথম স্থানাধিকারী ৪ জনকে স্বর্ণপদক দেওয়া হয়।

সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের প্রথম স্থানাধিকারী ৪ জনের মধ্যে ২ জন যুগ্মভাবে স্নাতকস্তর থেকে, ১ জন ডুয়েল ডিগ্রীস্তর (বি এস এম এস) থেকে এবং ১ জন স্নাতকোত্তরস্তর থেকে স্বর্ণপদক পেয়েছে।

\*\*\*\*\*